

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর।
(www.sadar.faridpur.gov.bd)



স্মারক নং-০৫.১২.২৯৪৭.০০০.১৮.০৪৯.২০.

১৩২

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

তারিখ : ১৩/১০/২০২০ খ্রি.।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৪নং আলিয়াবাদ ইউনিয়নের পশ্চিম আলিয়াবাদ রাস্তার পাশে ঝড়ে পড়ে যাওয়া বিবিধ প্রজাতির ৪৭ (সাত চল্লিশ) টি গাছ এবং ৫০নং বৈঠাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিবিধ ০৭টি গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য কাঠ ব্যবসায়ী, করাত কল মালিক/প্রতিষ্ঠান ও আত্মহী ব্যক্তিদেরকে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল। প্রকাশ্য নিলামের সময় প্রতিটি নিলামে অংশগ্রহণের জন্য ধার্যকৃত জামানত নগদ টাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। সরকারী বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও অন্যান্য প্রদেয় কর চালানো জমাসহ সর্বোচ্চ ডাককারীকে অবশিষ্ট টাকার পে-অর্ডার/নগদ টাকা তিন দিনের মধ্যে দাখিল করতে হবে। বার্থতায় তার জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে। প্রকাশ্য নিলাম সম্পর্কিত বিস্তারিত তথ্য এবং জরুরি বিষয়াবলী প্রত্যেক কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল প্রকাশ্য নিলাম গ্রহণ ও বাতিল করার ক্ষমতা রাখেন।

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম	বিক্রয় যোগ্য গাছের বিবরণ	গাছের সংখ্যা	সরকারি মূল্য	প্রকাশ্য নিলাম অনুষ্ঠানের স্থান	নিলাম অনুষ্ঠানের তারিখ	নাম রেজিস্ট্রেশন সময়	জামানতের পরিমাণ
০১.	৪নং আলিয়াবাদ ইউনিয়নের পশ্চিম আলিয়াবাদ রাস্তার পাশের কর্তনকৃত বিবিধ প্রজাতির ৪৭ (সাত চল্লিশ) টি গাছ	মেহগনি গাছ (কর্তনকৃত গাছ আলিয়াবাদ ইউনিয়ন পরিষদের হেফাজতে সংরক্ষণকৃত)	৪৭ (সাত চল্লিশ) টি	১৭,৫০৪/-	উপজেলা পরিষদ মিলনায়তন, ফরিদপুর সদর, ফরিদপুর	২২/১০/২০২০ খ্রি.	সকাল ১০.০০ ঘটিকা	১৫০০০/-
০২.	৫০নং বৈঠাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিবিধ ০৭টি গাছ	মেহগনি গাছ	০৭ (সাত)টি	১১,৫৫০/-	ঐ	২২/১০/২০২০ খ্রি.	সকাল ১০.০০ ঘটিকা	১০,০০০/-

(Signature)
১৩/১০/২০২০

(মোঃ মাসুম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা পর্যায়ে গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি
ফরিদপুর সদর, ফরিদপুর।

তারিখ : ১৩/১০/২০২০ খ্রি.।

(Signature)
১৩/১০/২০২০

স্মারক নং-০৫.১২.২৯৪৭.০০০.১৮.০৪৯.১৯.

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর (সদয় অবগতির জন্য)।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর। (সদয় অবগতির জন্য)।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর (সদয় অবগতির জন্য)।
- ৪। বিভাগীয় বন কর্মকর্তা, ফরিদপুর বন বিভাগ, ফরিদপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, ফরিদপুর।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পূর্বগঙ্গাবন্দী সামাজিক বনায়ন জোন, ফরিদপুর।
- ৮। প্রধান শিক্ষক/সভাপতি, ৫০ নং বৈঠাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর। [তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
- ৯। চেয়ারম্যান, আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। [তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি/ মাস্টার ফাইল।

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা পর্যায়ে গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত কমিটি ফরিদপুর
সদর, ফরিদপুর।